# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّافَّات

আয়াতঃ ৩৭ : ৭৬

## আরবি মূল আয়াত:

وَ نَجَّیۡنٰهُ وَ اَهۡلَهٗۤ مِنَ الۡكَرۡبِ الۡعَظِیۡمِ ﴿۷۶﴾

## অনুবাদসমূহ:

আর তাকে ও তার পরিজনকে আমি মহাবিপদ থেকে উদ্ধার করেছিলাম। — আল-বায়ান

তাকে আর তার পরিবারবর্গকে আমি মহা বিপদ থেকে উদ্ধার করেছিলাম। — তাইসিরুল

তাকে ও তার পরিবারবর্গকে আমি উদ্ধার করেছিলাম মহা সংকট হতে। — মুজিবুর রহমান

And We saved him and his family from the great affliction. — Sahih International

৭৬. আর তাকে এবং তার পরিবারবর্গকে আমরা উদ্ধার করেছিলাম মহাসংকট থেকে।

-

তাফসীরে জাকারিয়া

(৭৬) তাকে এবং তার পরিবারবর্গকে[1] আমি মহাসঙ্কট হতে রক্ষা করেছিলাম।

[1] أَهْلٌ এর অর্থ নূহ (আঃ)-এর প্রতি বিশ্বাস স্থাপনকারী, তাঁর বাড়ির মু’মিন ব্যক্তিরাও এর অন্তর্ভুক্ত। কোন কোন মুফাসসির তাদের মোট সংখ্যা ৮০ জন বলেছেন। তাঁর স্ত্রী ও একজন ছেলে (কিনআন) তাদের অন্তর্ভুক্ত নয়। কারণ তারা মু’মিন ছিল না। তারাও তুফানে ডুবে গিয়েছিল। ‘মহাসঙ্কট’ বলতে সেই মহা প্লাবনকে বুঝানো হয়েছে, যাতে ঐ সম্প্রদায় ডুবে ধ্বংস হয়ে গিয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3864

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন